বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
#এইচ.এস.সি-২০২০ পরীক্ষার_প্রস্তুতির_নির্দেশিকা
#রুহুরুহেল

বিষয়: বাংলা প্রথম
উচ্চমাধ্যমিক পরীক্ষা ভাল ফলাফলের জন্য প্রস্তুতির নির্দেশনা

সাহিত্য পাঠ ১। গদ্য ২। কবিতা ৩। সহপাঠ ক: উপন্যাস- লালসালু ৪। নাটক - সিরাজউদ্দৌলা

পূর্ণমান ১০০ মান বন্টন: (সৃজনশীল : ৭০+বহুনির্বাচনি : ৩০)

প্রশ্নপত্রে চারটি (৪) বিভাগ থাকে ১১ টি উদ্দীপক দেয়া প্রশ্ন থাকবে। উত্তর চাওয়া হবে–

ক) জ্ঞান মূলক নম্বর– ১,
খ)অনুধাবন মূলক নম্বর– ২
গ) প্রয়োগমূলক নম্বর– ৩
ঘ) উচ্চতর দক্ষতা নম্বর– ৪

ক বিভাগ : গদ্য এ বিভাগে ৪টি উদ্দীপকের প্রশ্ন থাকবে ৩ টি উত্তর করবে।
খ বিভাগ : কবিতা এ বিভাগে ৩ টি উদ্দীপক প্রশ্ন থাকবে ২ টি উত্তর করবে।
গ বিভাগ : উপন্যাস এ বিভাগে ২ টি উদ্দীপক প্রশ্ন থাকবে ১ টি উত্তর করবে।
ঘ বিভাগ : নাটক এ বিভাগেও ২ টি উদ্দীপক প্রশ্ন থাকবে ১ টি লিখবে।

মোট ৭ টি প্রশ্নের উত্তর অবশ্যই করবে।

বিশেষ নির্দেশনা:

@ প্রতিদিন কম পক্ষে ২ ঘন্টা বাংলা প্রথম পত্র পাঠ অভ্যাসে রাখবেই।
@ দিনে ৫টি করে বহুনির্বাচনি প্রশ্ন পরীক্ষা দিয়ে নিজেকে যাচাই করবে টেস্ট পেপার থেকে।
@ আর প্রতি সপ্তাহে ১০০ মার্ক্স এর পরীক্ষা অনুশীলন করবে।
@ বৃহস্পতিবার সকাল ৭ টা হতে ১০ টার মধ্যে প্রথম ৩০ মিনিট বহুনির্বাচনি পরের ২ ঘন্টা ৩০ মিনিট সৃজনশীল।

#যাদের লক্ষ্য সেরা ফলাফল করা: তোমরা পুরো বইয়ের সব বিষয়ের উপর একেবারে পরিচ্ছন্ন ধারণা রাখতে হবে। যে যে বিষয়গুলো অবশ্যই পড়বে:

**#**গদ্য **:** বিড়াল , অপরিচিতা , চাষার দুক্ষু, আহবান, আমার পথ, জীবন ও বৃক্ষ, মাসি-পিসি, বায়ান্নর দিনগুলো, জাদুঘরে কেন যাব, রেইনকোট, মহাজাগতিক কিউরেটর, নেকলেস।

**#**কবিতা **:** বিভীষণের প্রতি মেঘনাদ, ঐকতান, সাম্যবাদী, এই পৃথিবীতে এক স্থান আছে, তাহারেই পড়ে মনে, সেই অস্ত্র, আঠারো বছর বয়স, ফেব্রুয়ারি ১৯৬৯, আমি কিংবদন্তির কথা বলছি, নূরলদীনের কথা মনে পড়ে যায়, লোক-লোকান্তর, রক্তে আমার অনাদি অস্থি

**#**উপন্যাস**:** লালসালু

**#**নাটক **:** সিরাজউদ্দৌলা কীভাবে প্রস্তুতি নেবে:

# প্রথমে বিষয়গত ধারণা পাওয়ার জন্য অধ্যায়টি ভাল করে পড়বে সেটা গদ্য- ( গল্প ও প্রবন্ধ), কবিতা, উপন্যাস ও নাটক যাই হোক ভাল করে পড়বে | মুখস্থ করবে:

ক) শব্দার্থ অংশ
খ) লেখক পরিচিতি ( লেখকের জন্মতারিখ, পারিবারিক পরিচয়, মৃত্যু সন ও তারিখ।
গ) লেখকের গ্রন্থসমূহ, লেখকের প্রথম প্রকাশনার নাম,
ঘ) কোন পুরস্কার পেয়েছেন কখন পেয়েছেন
ঙ) পাঠ পরিচিতি অংশ পারলে মুখস্থ করবে/ ভাল করে পড়বে বহুনির্বাচনির জন্য করণীয়

# মূল বইয়ের বিষয় সমূহ ভাল করে মনযোগ সহকারে বুঝে বুঝে পড়বে। কারণ বিষয়ের মাঝখানে চরণে চরণে প্রচুর জিজ্ঞাস্য আছে।

# শব্দার্থ সমূহ বিষয়গুলোর সাথে যেগুলো দেয়া আছে সেগুলো শিখলেই হবে।

# বহুপদী সমাপ্তিসূচক প্রশ্নের জন্যে প্রশ্নটা ভাল করে অনুধাবণ করার চেষ্টা করে তোমার চিন্তাপ্রসূত সঠিক উত্তরটা নির্বাচন করবে। আবারো বলবো প্রিয় শিক্ষার্থী কীভাবে উত্তর লিখবে? ঠিক ক্লাসে আমি যেভাবে বলেছিলাম সেভাবেই লিখবে অন্যথায় পূর্ণ নম্বর পাওয়া কঠিন হয়ে যাবে। মনে আছেতো ? আমার নির্দেশিত কাঠামো অনুযায়ী প্রশ্নগুলোর উত্তর করবে।

মুহাম্মদ রুহুল কাদের
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম।
০১৭১২ ৬১৮১৬

# যত_বেশি_পড়বে_তত_বেশি_জানবে_পৃথিবীটা_তোমার_হবে।#